

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৬.০২৬.০০.০০.০২২.২০১৪-১০৮২


তারিখ : ১৩ ডিসেম্বর, ২০১৫।

বিষয় : দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ-এর স্মারক নং-০৫.৮১৯.০২০.০০.০০.০২৪.২০১৫-৯৩৪; তারিখ : ০৭ ডিসেম্বর, ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের ব্যয়ভার রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হলে তা পরিষদ সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন গ্রহণ করে নিম্নরূপ তথ্যাদিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- ক). উপজেলা পরিষদে কতটুকু সীমানা প্রাচীর বিদ্যমান রয়েছে?, তা কত বছর পূর্বে নির্মাণ করা হয়েছে, সেসম্পর্কিত প্রমাণক প্রেরণ;
- খ). বর্তমানে কতটুকু সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে;
- গ). রাজস্ব তহবিলের স্থিতি (ব্যাংক বিবরণীসহ);
- ঘ). সম্পূর্ণ সীমানা প্রাচীরের স্কেচ ম্যাপ;
- ঙ). পরিষদ সভার অনুমোদিত প্রাক্কলন ও সভার কার্যবিবরণী প্রেরণ; এবং
- চ). পরিষদ সভায় অনুমোদিত প্রাক্কলনে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী প্রকৌশলী, এলজিইডি'র স্বাক্ষর ও নামধিকিত সীল ব্যবহারপূর্বক প্রেরণ।


(কাজী আসাদুজ্জামান)
উপ-সচিব
ফোন : ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, দিনাজপুর।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।